

☰ মুহাম্মাদ | Muhammad | مُحَمَّدٌ

আয়াতঃ ৪৭ : ২৭

📖 আরবি মূল আয়াত:

فَكَيْفَ إِذَا تَوَفَّتْهُمُ الْمَلَائِكَةُ يَضْرِبُونَ وُجُوهَهُمْ وَ أَدْبَارَهُمْ ﴿٢٧﴾

A ۞ অনুবাদসমূহ:

অতঃপর তাদের অবস্থা কেমন হবে, যখন ফেরেশতারা তাদের মুখমণ্ডল ও পৃষ্ঠদেশসমূহে আঘাত করতে করতে তাদের জীবনাবসান ঘটাবে? — আল-বায়ান

তখন কেমন দশা হবে যখন ফেরেশতারা তাদের মুখে আর পিঠে মারতে মারতে তাদের জান বের করবে। —
তাইসিরুল

মালাইকা/ফেরেশতারা যখন তাদের মুখমণ্ডলে ও পৃষ্ঠদেশে আঘাত করতে করতে প্রাণ হরণ করবে তখন তাদের দশা কেমন হবে! — মুজিবুর রহমান

Then how [will it be] when the angels take them in death, striking their faces and their backs? — Sahih International

২৭. সুতরাং কেমন হবে তাদের দশা! যখন ফেরেশতারা তাদের চেহারা ও পৃষ্ঠদেশে আঘাত করতে করতে প্রাণ হরণ করবে।

-

তাকসীরে জাকারিয়া

(২৭) ফিরিশতারা যখন তাদের মুখমণ্ডলে ও পৃষ্ঠদেশে আঘাত করে তাদের প্রাণ হরণ করবে, তখন (তাদের দশা) কেমন হবে? [1]

[1] এখানে কাফেরদের সেই সময়কার অবস্থা বর্ণনা করা হচ্ছে, যখন ফিরিশতাগণ তাদের আত্মা বের করবেন। মৃত্যুর সময় কাফের ও মুনাফিকদের আত্মা ফিরিশতার হাত থেকে বাঁচার জন্য দেহের মধ্যে লুকোচুরি করতে লাগে এবং এদিক ওদিক পালাবার চেষ্টা করে। সে সময় ফিরিশতাগণ তা কঠোরভাবে ধরে সজোরে টানেন এবং মারেন। এই বিষয়টি ইতিপূর্বে সূরা আনআমের ৯৩নং আয়াতে এবং সূরা আনফালের ৫০নং আয়াতেও উল্লিখিত হয়েছে।

তাকসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4572>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন